



“কৃষিই সমৃদ্ধি”
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।



www.dae.haluaghat.mymensingh.gov.bd


স্মারক নং ৪ ৬২/১(৪০)

তারিখ : ২৩/০২/২০২১ ইং।

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র উপজেলার সকল কৃষক/কৃষক গ্রুপ/ কৃষি যন্ত্র সেবা প্রদানকারী ভাইদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে বোরো মৌসুমে নির্ধারিত উন্নয়ন সহায়তায় (ভর্তুকী) কৃষকদের মাঝে কৃষি যন্ত্রপাতি (কম্বাইন হারভেস্টার, রিপার, রাইস ট্রান্সপ্লান্টার) বিতরণ করা হবে। এলক্ষ্যে কৃষি যন্ত্রপাতি ক্রয়ে আগ্রহী কৃষকদেরকে পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও ভোটের আইডি কার্ডের ফটোকপি সহ উপজেলা কৃষি অফিস হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে যন্ত্রের নাম ও মডেল নম্বর উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ০২-০৩-২০২১ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য বলা হলো। জমাকৃত আবেদনপত্র সমূহ উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনের পর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা প্রেরণ করা হবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা কর্তৃক তালিকা অনুমোদন সাপেক্ষে যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক কৃষি যন্ত্র সরবরাহ করা হবে।

উল্লেখ্য নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।


২৩/০২/২০২১
(মো. মাসুদুর রহমান)
উপজেলা কৃষি অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১. মাননীয়, জাতীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ১।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৪. মেয়র, হালুয়াঘাট পৌরসভা, ময়মনসিংহ।
০৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৬. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৭. মেয়র/চেয়ারম্যান, পৌরসভা/ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট।
০৮. উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ব্লক, হালুয়াঘাট, ময়মনসিংহ।
০৯. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব হালুয়াঘাট, ময়মনসিংহ।
১০. সভাপতি/সম্পাদক, হালুয়াঘাট প্রেসক্লাব, ময়মনসিংহ।
১১. সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, হালুয়াঘাট, ময়মনসিংহ।
১২. অফিস কপি।